

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা


নং-৪৫.১৩৯.০৬৩.০০.০০.০৬৩.২০১৪- ২৮

তারিখঃ ০৯-০১-২০১৮খ্রিঃ

বিষয়ঃ স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান কোডের অধীন নিয়মিত অনুদান প্রদানের জন্য বেসরকারি প্রতিষ্ঠান নির্বাচনের গাইডলাইন অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন ২৭০৫-স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান কোডের অধীন নিয়মিত অনুদান প্রদানের জন্য বেসরকারি প্রতিষ্ঠান নির্বাচনের গাইডলাইন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। অনুমোদিত গাইডলাইন এতদসঙ্গে সংযুক্ত করা হল।

সংযুক্তি- ০১ পাতা।


(ড. মোঃ এনামুল হক)
উপসচিব
ফোনঃ ৯৪৫৯২৭

বিতরণঃ


- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/হাসপাতাল/নার্সিং ও মিডওয়াইফারী/বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/ঔষধ প্রশাসন ও আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৪। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি:

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃআঃ উপসচিব, বাজেট অনুবিভাগ-১, শাখা-১)।
- ২। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২৭০৫- স্বাস্থ্যশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান কোডের অধীন নিয়মিত অনুদান প্রদানের জন্য
বেসরকারি প্রতিষ্ঠান নির্বাচনের গাইড লাইন

- (১) আবেদনকারী প্রতিষ্ঠানকে স্বাস্থ্য সেবা কার্যক্রমের সহিত কমপক্ষে বিগত ৫ (পাঁচ) বছর একাধারে সংযুক্ত থাকতে হবে। এর প্রমানক হিসেবে অডিট রিপোর্ট ও সিভিল সার্জনের সার্টিফিকেট দাখিল করতে হবে।
- (২) প্রতিষ্ঠানের অনুমোদিত গঠনতন্ত্র থাকতে হবে এবং গঠনতন্ত্র অনুযায়ী পরিচালনা কমিটি থাকতে হবে। এ কমিটির বছরে কমপক্ষে ৪টি সভা করার প্রমানক থাকতে হবে। এ রকম ৩ বছরে অনুমোদিত ১২টি সভার প্রমানক দেখাতে হবে।
- (৩) প্রতিষ্ঠানটিকে অবশ্যই অলাভজনক হতে হবে। প্রতিষ্ঠানের পরিচালনা কমিটিতে একই পরিবারের ২ জনের বেশী সদস্য থাকতে পারবে না। এখানে পরিবার বলতে স্ত্রী/স্বামী, পুত্র কন্যা এবং জামাতা/পুত্রবধুকে বুঝাবে। এছাড়া প্রতিষ্ঠানের পরিচালনা কমিটিতে অন্ততঃ ১ জন সরকারি কর্মকর্তা থাকতে হবে।
- (৪) প্রতিষ্ঠানটির স্বাস্থ্য সেবা কার্যক্রম সন্তোষজনক মর্মে সিভিল সার্জন এবং জেলা প্রশাসকের প্রত্যয়ন থাকতে হবে।
- (৫) প্রতিষ্ঠানের নিয়মিত আয়ের উৎস থাকতে হবে এবং বাৎসরিক আয় ন্যূনতম ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা হতে হবে। আয়ের প্রমানক হিসেবে ব্যাংক বিবরণী দাখিল করতে হবে।
- (৬) দরিদ্র রোগীরা সংশ্লিষ্ট স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান হতে বিনামূল্যে অথবা স্বল্পমূল্যে কি কি স্বাস্থ্য সেবা পাবে তার সুনির্দিষ্ট বিবরণ থাকতে হবে। দরিদ্র রোগীর পাশাপাশি সরকারি কর্মকর্তা-কর্মচারী ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদেরকে স্বল্পমূল্যে এবং প্রয়োজনে বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদান করতে হবে।
- (৭) প্রতিষ্ঠানটি হাসপাতাল হলে বিগত ৩ (তিন) বছরে কতজনকে বিনামূল্য/হাসকৃত মূল্যে স্বাস্থ্য সেবা প্রদান করেছে তার প্রমাণক দাখিল করতে হবে।
- (৮) প্রতিষ্ঠানটির নিজস্ব মালিকানায় কমপক্ষে ৫.০০ (পাঁচ) শতক জমি ও জমির উপর কমপক্ষে ২০০০ বর্গফুটের একতলা ভবন/সেমিপাকা ভবন থাকতে হবে। ভাড়া বাড়ীতে স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নিয়মিত অনুদান প্রদানের বিষয়টি সতর্কতার সাথে বিবেচনা করা যেতে পারে।
- (৯) প্রতিষ্ঠানটি হাসপাতাল হলে স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালনার জন্য স্বাস্থ্য অধিদপ্তরের নিবন্ধন লাগবে এবং নিবন্ধন হালনাগাদ নবায়ন থাকতে হবে। হাসপাতাল ব্যতীত অন্যান্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/সমাজ সেবা অধিদপ্তর/এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধন থাকতে হবে।
- (১০) হাসপাতাল হলে কমপক্ষে ১০ বেডের হতে হবে। উক্ত হাসপাতালে কমপক্ষে ৩ জন এমবিবিএস ডাক্তার ও ৬ জন নার্স সার্বক্ষণিক থাকতে হবে। প্রমানক হিসেবে তাদের নিয়োগপত্র ও বেতন-ভাতা প্রদানের কাগজপত্র সংযুক্ত করতে হবে। হাসপাতালে কোন বিশেষায়িত স্বাস্থ্য সেবা প্রদান করা হলে উক্ত বিষয়ে খন্ডকালীন বিশেষজ্ঞ চিকিৎসক থাকতে হবে। হাসপাতালে মোট বেডের অন্ততঃ ২০% ফ্রি বেড থাকতে হবে।
- (১১) প্রতিষ্ঠানটিতে একটি পরামর্শ ও মতামত বহি থাকতে হবে।
- (১২) নতুন প্রতিষ্ঠান অন্তর্ভুক্তির ক্ষেত্রে স্বাস্থ্য সেবা বিভাগের কর্মকর্তা অথবা স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তাদের মাধ্যমে প্রতিষ্ঠানটি সরেজমিনে তদন্ত করতে হবে।


(ড. মোঃ এনামুল হক)
উপসচিব